

জেএসসি/জেডিসি
পরীক্ষার্থী সোয়া ২৩ লাখ
পরীক্ষা শুরু রোববার

■ সমকাল প্রতিবেদক

আগামী রোববার ১ নভেম্বর থেকে শুরু হচ্ছে অষ্টম শ্রেণীর শিক্ষার্থীদের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) ও মাদ্রাসা শিক্ষার্থীদের জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) পরীক্ষা। এবার ষষ্ঠ বারের মতো এ পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। সারাদেশের সোয়া ২৩ লাখ পরীক্ষার্থী এ দুটি পরীক্ষায় অংশ নিচ্ছে। শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ গতকাল বৃহস্পতিবার দুপুরে নিজ মন্ত্রণালয়ে সংবাদে সম্মেলনে এ কথা জানান। তিনি বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষা কোনো 'পাবলিক পরীক্ষা' নয়। এই পরীক্ষাকে 'জাতীয় পরীক্ষা' বলা যেতে পারে। অনেকেই এটাকে পাবলিক পরীক্ষা বলে অবহিত করেন। শিক্ষামন্ত্রী বলেন, জেএসসি ও জেডিসি পরীক্ষার মাধ্যমে পরীক্ষার্থীরা লেখাপড়া, আরও উদারী ও আত্মবিশ্বাসী হিসেবে গড়ে উঠবে। পাবলিক পরীক্ষা হচ্ছে- মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষা। তিনি বলেন, অষ্টম শ্রেণী উত্তীর্ণ সনদ পাওয়ার জন্য শিক্ষার্থীদের আগ্রহ বাড়বে বিধায় অষ্টম শ্রেণী পর্যন্ত এনরোলমেন্ট বৃদ্ধি করা হয়। এ উদ্দেশ্যে অনেকাংশে সফল হয়েছে জেএসসি-জেডিসি পরীক্ষার কারণে।